সাইক্লোফস্‌ফ্‌মাইড

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

2য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে এই প্রচারপত্র পড়তে হবে।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল
ফর চিলড্রেন **NHS** ট্রাস্ট

সাইক্লোফসফামাইড (Cyclophosphamide) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভূক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

সাইক্লোফসফামাইড কি?

সাইক্লোফসফামাইড হলো কেমৌথেরাপীর মেডিসিন (ঔষধ) যা কোন কোন ক্যানসার এবং লূকীমিয়ার চিকিৎসার জন্যে ব্যবহার করা হয়। ট্রান্সপ্যান্টের আগে এবং পরেও সেটা বাচ্চাদেরকে দেওয়া হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?
কোন কেনিউলা, হিক্ম্যান, ইমপ্ল্যান্টেবল পোর্ট অথবা PICC লাইনের মাধ্যমে ভেইন বা শিরাতে (ইনট্রাভেনাসলি অথবা IV) ইনজেকশন অথবা ইনফিউশন হিসেবে দেওয়া হয়। যদি ক্যানসার, লূকীমিয়া ও বৌন ম্যারৌ ট্রান্সপ্ল্যান্টের মতো অবস্থার জন্যে সাইক্লোফসফামাইড ব্যবহার না করা হয় তাহলে সেটা টেবলেট আকারে মুখের মাধ্যমে দেওয়া হতে পারে। আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের নির্দেশ অনুসারে প্রত্যেক দিন একই সময় প্রচুর পানির সঙ্গে ওর‍্যাল বা মৌখিকভাবে সাইক্লোফসফামাইড গ্রহণ করা সবচেয়ে ভালো।

অতি সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?
বিতৃষ্ণাবোধ ও বমি: এই লক্ষণ হ্রাস অথবা বন্ধ করার জন্যে অসুস্থতা-বিরোধী ঔষধ দেওয়া যেতে পারে। আপনার বাচ্চার অসুস্থা যদি নিয়ন্ত্রণ না হয় অথবা অটল থাকে তাহলে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন।

চুল পড়া: আপনার বাচ্চার কিছু পরিমাণ অথবা সমস্ত চুলই তার পড়ে যেতে পারে অথবা চুল পাতলা হয়ে যেতে পারে। সেটা সাময়িক ও চিকিৎসা শেষ হওয়ার পর আবার তার চুল জন্মাবে।

বৌন্ ম্যারৌ দমন: আপনার বাচ্চার বৌন্ ম্যারৌ যতো ভালো কাজ করুক সেটা সাময়িকভাবে কিছুটা হ্রাস পেতে পারে। এর মানে এটাই হয় যে, স্বাভাবিকের চাইতে আরো সহজে সে এনাইমিক, ব্রুস অথবা ব্লিড বা রক্তপাত হতে পারে এবং ইনফেকশন বা সংক্রমণের তার উচ্চপর্যায়ের ঝুঁকি থাকবে। বৌন ম্যারৌ কিভাবে কাজকর্ম করছে সেটা পরীক্ষা করার জন্যে নিয়মিত আপনার বাচ্চার ব্লাড্ কাউন্ট যাচাই করা হবে। যদি আপনার বাচ্চাকে অস্বাভাবিকভাবে ক্লান্ত, ব্রুজিং অথবা ব্লিডিং বা রক্তপাত করতে দেখা যায়, অথবা ইনফেকশনের তার কোন লক্ষণ থাকে, বিশেষভাবে উচ্চ তাপমাত্রা থাকতে দেখা যায় তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন।

বিস্ময়কর স্বাদ: সাইক্লোফসফামাইড গ্রহণ করার সময় আপনার বাচ্চা তার মুখে বিস্ময়কর স্বাদ (স্ট্রেঞ্জ টেস্ট) হয়তো সে অনুভব করতে পারে। সেটা সাময়িক। ভিন্ন ধরনের স্বাদগন্ধযুক্ত খাদ্য-খাবার খেতে হয়তো সে পছন্দ করবে।

প্রয়োজনীয় নম্বর:

ফার্মাসী ডিপার্টমেন্ট	**020 7829 8680**
ফার্মাসী মেডিসিন ইনফরমেশন	**020 7829 8608**
GOSH সুইচবোর্ড	**020 7405 9200**
ফ্যামিলি রিসোর্স সেন্টার	**020 7813 8558**

উর্বরতা: আপনার বাচ্চাকে দেওয়া ঔষধের সংযুক্তি ও ডৌস (মাত্রা)-এর উপর নির্ভর করে আপনার বাচ্চার ফার্টিলিটি বা উর্বরতার উপর প্রভাব পড়তে পারে। আপনি যদি মনে করেন যে আপনার আরো তথ্যের প্রয়োজন, তাহলে এ বিষয়টা নিয়ে আপনার ডাক্তারের সঙ্গে আলোচনা করুন।

অপেক্ষাকৃত কম সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

ব্লাডার ওয়ালের জ্বালাপোড়া:
সাইক্লোফসফামাইডের কারণে ব্লাডারের জ্বালাপোড়া হতে পারে। হাইমোর‍্যাজিক সিস্টাইটিস নামে পরিচিত এক ধরনের অবস্থা এই জন্যে হতে পারে। এই কারণে ইউরিন (প্রস্রাব)-এ ব্লাড দেখা যায়। এই জ্বালাপোড়া হ্রাস অথবা বন্ধ হওয়ার জন্যে আপনার বাচ্চাকে মেসনা নামে একটা ঔষধ ও ইন্ট্রাভেনাস ফ্লুয়িড (শিরার অভ্যন্তরে তরল পদার্থ) দেওয়া হবে। সাইক্লোফসফামাইডের ক্ষতিকর প্রভাব থেকে ব্লাডার ওয়ালকে সংরক্ষণ করার জন্যে মেসনা ব্যবহার করা হয়। ক্ষতিকর হতে পারে এমন সাইক্লোফসফামাইডের ম্যাটাবোলাইটস (অথবা উৎপাদন)-কে বন্ধন করা ও বিষাক্ত উপাদান সরানোর মাধ্যমে সেটা কাজকর্ম করে। বেশী পরিমাণে পানীয় পান করার জন্যে তাকে উৎসাহিত করতে হবে। সাইক্লোফসফামাইড গ্রহণের সময় ইউরিনে রক্ত রয়েছে কিনা সেটা জানার জন্যে আপনার বাচ্চার ইউরিন পরীক্ষা করা হবে।

মুখমন্ডলে আকস্মিক গরম রক্তোচ্ছ্বাস ও মাথা ঝিম ঝিম: আপনার বাচ্চা সাইক্লোফসফামাইডের কারণে কোন কোন সময় গরম ও মাথায় ঝিম ঝিম (হট অ্যান্ড ডিজি) অনুভব করতে পারে। শিরায় যখন ধীরগতির ইন্ট্রাভেনাস ইনজেকশন হিসেবে সাইক্লোফসফামাইড দেওয়া হয় সেটা তখন সম্ভবত: ঘটতে পারে।

সেকেন্ডারী (গৌণ) ক্যানসার: যদি আপনার বাচ্চাকে দীর্ঘমেয়াদী সাইক্লোফসফামাইড দেওয়া হতে থাকে তাহলে অনেক বৎসর পর দ্বিতীয়বার ক্যানসার হওয়ার অতিসামান্য ঝুঁকি থাকে। আপনি যদি মনে করেন যে আপনার আরো তথ্যের প্রয়োজন, অনুগ্রহ করে আপনার ডাক্তারের সঙ্গে এ বিষয় নিয়ে আলোচনা করুন।

নখের পরিবর্তন: আপনার বাচ্চার নখ কালো হয়ে যেতে পারে। আপনার বাচ্চার ভবিষ্যতে নখ জন্মানো স্বাভাবিক হয়ে যাবে।

হৃদপিন্ডের কার্যক্রমের পরিবর্তন: কোন কোন ক্ষেত্রে যখন উচ্চপর্যায়ের সাইক্লোফসফামাইড দেওয়া হয় তখন আপনার বাচ্চার হৃদপিন্ডের মাংসপেশী ও সেটা যতো ভালোই কাজ করুক এই ড্রাগ (মাধকদ্রব্য) এটা পরিবর্তন করে দিতে পারে। সাইক্লোফসফামাইডের উচ্চতর ডৌস গ্রহণ করার আগে ইকোকার্ডিওগ্রাম (ECHO) নামে একটি পরীক্ষা আপনার বাচ্চার হবে। চিকিৎসা চলাকালীন ও দীর্ঘমেয়াদী অনুসরণমূলক ক্লিনিকে আসার সময় হৃদপিন্ত মনিটর (যাচাই) করার জন্যে এই পরীক্ষা বা টেস্ট ব্যবহার করা হবে।

গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার জানা উচিত

- বাচ্চারা যাতে নাগাল না পায় এমন স্থানে নিরাপদে সকল মেডিসিন এবং টেবলেট রাখুন।

- সাবধানতার সঙ্গে এইসব ড্রাগকে নিয়ন্ত্রণ বা সামলানোর প্রয়োজন। যতোদূর সম্ভব ড্রাগকে স্পর্শ করা এড়িয়ে চলুন। আপনি যদি গর্ভধারণ করে থাকেন অথবা গর্ভধারণ করার চিন্তাভাবনা করেন তাহলে সামলানো বা নিয়ন্ত্রণের ব্যাপারে নির্দেশের জন্যে আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

- রুম টেম্পারেচার বা কোঠার তাপমাত্রা অনুযায়ী এই ড্রাগ ভান্ডারজাত করে রাখুন।

- আপনার ডাক্তার, নার্স ও ফার্মাসিস্টের নির্দেশ অনুযায়ী সেগুলো গ্রহণ করতে হবে।

- ডৌস গ্রহণ করার পর যদি আপনার বাচ্চা বমি করে তাহলে ডাক্তার অথবা নার্সকে জানিয়ে দেন কেননা আরেক ডৌস হয়তো আপনার বাচ্চার গ্রহণ করার প্রয়োজন হতে পারে। ডাক্তার ও নার্সকে জানানো ছাড়া আপনার বাচ্চাকে আরেক ডৌস দিবেন না।

- আপনার বাচ্চাকে যদি তার ডৌস দিতে ভূলে যান তাহলে তাকে দ্বিগুণ বা ডাবল্ ডৌস দিবেন না। আপনার ডাক্তার বা নার্সকে জানিয়ে দিন এবং আপনার বাচ্চার নিয়মমাফিক সময়সূচি রাখুন।

- সঠিক ডৌস ব্যবহার করার জন্যে কোন কোন সময় টেবলেটকে অর্ধেক করতে হয়। টেবলেট কার্টার এটার জন্যে ব্যবহার করা ভালো। সেটা আপনার কমিউনিটি ফার্মাসী থেকে পাওয়া যায়। ফার্মাসী থেকে যখন আপনার টেবলেট সংগ্রহ করেন তখন অতিরিক্ত বিবরণের জন্যে জিজ্ঞাসা করুন। কেমৌথেরাপীর ড্রাগ কাটার জন্যেই শুধুমাত্র টেবলেট কার্টার রাখুন।

- আপনার বাচ্চা যদি টেবলেট গিলতে না পারে তাহলে নিম্নে উল্লেখিত পদ্ধতি অনুসারে সেটা আপনি মিক্সচার বা মিশ্রণ করে তাকে দিতে পারেন। টেবলেট গুঁড়া না করে মিশ্রণ করার জন্যে আমরা সুপারিশ করি।

● টেবলেটটিকে একটি পরিস্কার পাত্রে রাখুন।

● টেবলেটের উপর সামান্য পানি দিন ও মিশ্রণ হতে দিন। হয়তো কয়েক মিনিট সময় লাগতে পারে। ফেটানো বা ঝাঁকড়ানোর দ্বারা পাত্রের টেবলেটকে জলতি ডিস্পার্স করতে চেষটা করবেন না।

● বাচ্চাকে ডৌসটি দিন।

● উষ্ণ ও সাবানের পানিতে পাত্রটি ধুয়ে ফেলুন ও অন্য কোন উদ্দেশ্যে সেটা ব্যবহার করবেন না।

● টেবলেট অথবা মিক্সার (মিশ্রণ) যদি দূর্ঘটনাক্রমে ছলকে পড়ে যায় তাহলে প্রচুর পানি দিয়ে সে জায়গাটা ধুয়ে ফেলুন।

● যদি দূর্ঘটনাক্রমে আপনার চোখে মিক্সচার পড়ে যায় তাহলে প্রচুর চলতি পানি দিয়ে প্রায় 5-10 মিনিট ধরে ধুয়ে ফেলুন।

● আপনার নিরাপত্তার জন্যে আপনি যদি পছন্দ করেন তাহলে আপনি পারিবারিক এক জোড়া রাবারের গ্লাভস বা মোজা পরতে পারেন।

● ব্যবহারকৃত তোয়ালে, বমি ও অপরিস্কার ফেলার উপযুক্ত নেপিস ময়লা-আবর্জনার দুটো ব্যাগের ভিতরে রাখতে হবে এবং আপনার সাধারণ ময়লা-আবর্জনার সঙ্গে ফেলে দিতে হবে।

● চিকিৎসা বন্ধ করার সিদ্ধান্ত যদি ডাক্তার নিয়ে থাকেন ফার্মাসিস্টকে বাকী টেবলেটগুলো ফেরত দিন। সেগুলোকে জলস্রোতে অথবা নিক্ষেপ করে ফেলে দিবেন না।

@ GOSH ট্রাস্ট নভেম্বর 2004
সূত্রঃ 2004F173
চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপের সহযোগিতায় ফার্মাসী ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট
Great Ormond Street
London WC1N 3JH

ওয়েবসাইট: www.goshfamilies.nhs.uk   www.childrenfirst.nhs.uk